স্মারক নংঃ বিএনএ/পত্র/নংঃ২২১, তারিখঃ ০৭ ডিসেম্বর ২০২৩ ইং

## -বিজ্ঞপ্তি-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন বিএনএ এর গঠনতন্ত্রের ৩.৩.৪ ধারা অনুসারে শাখা কমিটি, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকার ১৯ সদস্য বিশিষ্ট অন্তবর্তীকালীন কমিটি গঠন করার লক্ষ্যে স্মারক নং: বিএনএ/হৃদ/ইন/হাস/পত্র/নং : ০১, তারিখঃ ৩১ আগস্ট, ২০২৩ ইং মূলে কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ বরাবর অনুরোধ জানানো হয়। পরবর্তীতে গত ০৭ ডিসেম্বর ২০২৩ ইং, বৃহস্পতিবার বিকাল ৩:০০ ঘটিকায় কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের মাসিক সভায় বিষয়টি অত্যন্ত গুরুত্বের সহিত আলোচনা করা হয়। আলোচনায় আগামী জাতীয় নির্বাচনকে গুরুত্বের সহিত বিবেচনা পূর্বক নির্ধারিত দায়িত্ব সহ আগামী এক বছরের জন্য অন্তবর্তীকালীন শাখা কমিটি, বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ অনুমোদন দেওয়ার প্রস্তাব গৃহীত হয়। **এমতাবস্থায় নিম্নে উল্লেখিত কমিটিকে আগামী ০১ বছরের জন্য অন্তবর্তীকালীন কমিটি হিসেবে অনুমোদন দেওয়া হইল।**

- **সভাপতি ঃ জাহানারা খাতুন**
- সহ- সভাপতি ঃ মোহাম্মদ সাইফুর রহমান
- সহ- সভাপতি ঃ রোজিনা খাতুন
- **সাধারন সম্পাদক ঃ বাহার আলী**
- **কোষাধ্যক্ষ ঃ মোহাম্মাদ মাসুদুর রহমান**
- যুগ্ম সম্পাদক ঃ কনিকা মিস্ত্রি
- যুগ্ম সম্পাদক ঃ সুস্মিতা পালিত
- সাংগঠনিক সম্পাদক ঃ নাসরিন সুলতানা
- বিজ্ঞান বিষয়ক সম্পাদক ঃ ইয়াসমিন আক্তার
- সমাজ কল্যান বিষয়ক সম্পাদক ঃ সখিনা খাতুন
- সদস্য ঃ
  - কামরুন নাহার
  - হামিদা খানম লিয়া
  - আয়েশা সিদ্দিকা
  - আফরোজা আক্তার
  - মুন্নী খাতুন
  - হারুনুর রশিদ
  - জাহাঙ্গির আলম
  - বৈশাখী প্রান্তি নাইডু
  - আমেনা খাতুন মিতু

*** **নির্ধারিত দায়িত্বঃ সংযুক্ত পাতা-০১।**

ধন্যবাদান্তে,

খাঁন মোঃ গোলাম মোরশেদ
সভাপতি
বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন
মোবাইলঃ ০১৯৫৫৬৮৮০৩৮
E-mail: president@bna.com.bd

মোঃ খাদেমুল ইসলাম
মহাসচিব (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন
মোবাইলঃ ০১৭৭-৬০৫৩৫২১
E-mail: secretary-general@bna.com.bd

অনুলিপিঃ সদয় অবগতি জন্য প্রেরন করা হল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।



কেন্দ্রীয় কার্যালয়ঃ বাড়ী নং- ১২৮/ক, নিচতলা, রোড নং- ০৫, পি.সি কালচার হাউজিং সোসাইটি, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, বাংলাদেশ।
ফোনঃ +88 02223310532 +88 02223310557 ইমেইলঃ info@bna.com.bd ওয়েবঃ bna.com.bd

২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

৩. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

৫. আনোয়ারুল হক, উপসচিব (নার্সিং সেবা-১ শাখা) (অতিরিক্ত দ্বায়িত্ব: নার্সিং সেবা-২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

৬. পরিচালক, প্রশাসন, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা -১২১২।

৭. পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

৮. পরিচালক, শৃঙ্খলা ও শিক্ষা, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা-১২১২।

৯. পরিচালক, অর্থ ও বাজেট, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা-১২১২।

১০. সেবা তত্ত্বাবধায়ক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

১১. রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০।

১২. জাহানারা খাতুন, সভাপতি, শাখা কমিটি, বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

১৩. বাহার আলী, সাধারন সম্পাদক, শাখা কমিটি, বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

১৪. মোহাম্মাদ মাসুদুর রহমান, কোষাধ্যক্ষ, শাখা কমিটি, বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

১৫. অফিস কপি, অত্র কার্যালয়।

Sourav Das
07-12-23

সৌরভ চন্দ্র দাস
দপ্তর সম্পাদক
বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন
মোবাইলঃ ০১৬১৫-১০৪০০৬
E-mail: sourav@bna.com.bd

## জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকার ১৯ সদস্য বিশিষ্ট অন্তবর্তীকালীন শাখা কমিটির দায়িত্ব সমূহ:-

১. এই শাখা কমিটি নার্সিং পেশার উন্নয়ন নিয়ে তুলনামূলক পার্থক্য সকল নার্স এবং তাদের পরিবারের নিকট উপস্থাপন করবে। পূর্বের ন্যায় নার্স-বন্ধব সদাসয় সরকারকে সব ধরনের সহযোগিতা করা এবং নার্সিং পেশার উন্নয়ন অব্যাহত রাখায় সুযোগ সৃষ্টি করবে।

২. ইহা একটি অন্তবর্তীকালীন শাখা কমিটি পরবর্তীতে গঠনতন্ত্র অনুসারে নির্বাচনের মাধ্যমে শাখা কমিটি গঠন করা হবে।

৩. এই কমিটি জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে নার্সিং পেশার উন্নয়নে সকল পেশাজীবী নার্সদের সমন্বয়ে কার্যক্রম পরিচালনা করবেন।

৪. উন্নত বিশ্বের ন্যায় জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকায় Postgraduate Specialized Diploma in Cardiac Nursing কোর্স চালু করার ক্ষেত্রে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

৫. নার্সিং শিক্ষা ও নার্সিং সেবার মান বৃদ্ধির লক্ষ্যে প্রতিনিয়ত উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনা করবে।

৬. সরকারি ও বেসরকারি নার্সিং শিক্ষা ও সেবার মান তদারকি করবে এবং শিক্ষা ও সেবার মান বৃদ্ধিতে বিভিন্ন প্রকার সহযোগিতা করবে। তারপরও যদি কোন ধরনের পরিবর্তন না হয় কেন্দ্রীয় কমিটিকে অবগত করবে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহায়তা নিবে।

৭. কেন্দ্রিয় ওয়েবসাইটে সদস্য হিসেবে নিবন্ধিত হওয়ার পর এই বিভাগের অধীনে বিভিন্ন শাখা কমিটির নির্বাচন আয়োজন করবে। জেলা কমিটি এবং শাখা কমিটির নির্বাচন করার পূর্বে ৮০ শতাংশ সদস্য নিবন্ধন থাকতে হবে এবং এই নিবন্ধন কেন্দ্রীয় ওয়েবসাইটে যাচাই-বাছাই করার সুযোগ থাকতে হবে।

৮. জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালের নির্বাচনকালীন ওই শাখার সদস্যরা পৃথিবীর যেকোন প্রান্ত থেকে অনলাইনের মাধ্যমে নির্বাচনে অংশগ্রহণ করার সুযোগ পাবেন।

৯. সকল পেশাজীবী নার্সদেরকে বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বি এন এ) এর সদস্য হিসেবে নিবন্ধন করার সকল প্রকার উদ্যোগ গ্রহণপূর্বক সহযোগিতা করবে এবং শাখা কমিটির নির্বাচনের ক্ষেত্রে সম্পূর্ণ সহযোগিতা করবে।

১০. বিভাগীয় কমিটির অধীনে জেলা কমিটির নির্বাচন আয়োজন করবে এবং শাখা কমিটির নির্বাচনে সকল প্রকার সহযোগিতা অব্যাহত রাখবে।

১১. বিভিন্ন সময় কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ কর্তৃক নির্ধারিত দায়িত্ব যথাযথভাবে পালন করবে।

১২. নার্সিং পেশার সম্মান ও মর্যাদা রক্ষা করা, এবং এসোসিয়েশনের সদস্যদের স্বার্থ, অধিকার ও সুযোগ সুবিধা রক্ষা করা, এবং জাতীয় ও ব্যক্তিজীবনে পেশাগত, নৈতিক, সামাজিক ও পেশাগত কারণে রাজনৈতিক দায়িত্ব পালনে সদস্যবৃন্দকে অনুপ্রাণিত করা।

১৩. এসোসিয়েশনের সদস্যদের মধ্যে সহযোগিতা ও সংহতি রক্ষা করা এবং ভ্রাতৃসুলভ সম্পর্ক স্থাপন করা। অন্যান্য বিজ্ঞান ও প্রযুক্তিগত সংগঠন ও প্রতিষ্ঠানাদির সদস্যবৃন্দের সংঙ্গে সহযোগিতা এবং সংহতি বজায় রাখা এবং পেশা ও জনগনের মধ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি গড়িয়া তোলার জন্য এ সকল সংগঠনের সহিত প্রয়োজন বোধে মৈত্রী গড়িয়া তোলা।

১৪. এই পেশার ব্যক্তিবর্গ বিশেষ করিয়া নতুন পেশায় প্রবেশ করিয়াছেন, তাহাদের পেশাগত উন্নয়নে পরামর্শ ও সাহায্য প্রদান করা।

১৫. পেশার মারাত্বক অসুস্থ, পঙ্গু ব্যক্তিবর্গ ও মৃত ব্যক্তিদের পরিবারের সদস্যদের সাহায্য প্রদান করা।

১৬. নার্সিং সেবা যথাযথভাবে প্রদানের মাধ্যমে প্রকৃত অর্থে জনসেবা নিশ্চিত করার লক্ষ্যে সদস্যদের ইথিক্যাল প্র্যাকটিসের ব্যাপারে অনুপ্রাণিত করা এবং নার্সদের প্রয়োজনে আইনী সহায়তা দেওয়া।



কেন্দ্রীয় কার্যালয়ঃ বাড়ী নং- ১২৮/ক, নিচতলা, রোড নং- ০৫, পি.সি কালচার হাউজিং সোসাইটি, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, বাংলাদেশ।
ফোনঃ +88 02223310532 +88 02223310557 ইমেইলঃ info@bna.com.bd ওয়েবঃ bna.com.bd

১৭. জনগনের স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নে এসোসিয়েশন সর্বাত্মকভাবে কাজ করবে এবং প্রয়োজনে জনস্বার্থ বিরোধী যে কোন পরিস্থিতি প্রতিরোধ করতে নিয়মতান্ত্রিক কর্মপন্থা গ্রহণ করবে।

১৮. প্রয়োজন বোধ করিলে সংবাদ প্রকাশের জন্য সাময়িকী, জার্নাল বা পত্রিকা যাহা সংগঠনের জার্নাল বা পত্রিকা হিসাবে পরিগণিত হইবে, তাহা নিয়মিত অথবা অনিয়মিত ভাবে প্রকাশ করা।

১৯. স্বাস্থ্য সেবা অথবা ইহার সহিত সম্পর্কিত অন্যান্য বিজ্ঞানের উপর মাঝে মাঝে বক্তৃতামালা, নার্সিং কেয়ার, বা প্রদর্শনীর ব্যবস্থা করা।

২০. সাধারণ ভাবে নার্সিং পেশায় নিয়োজিত ব্যক্তিদের ও বিশেষ করিয়া এসোসিয়েশনের সদস্যদের সভা ও সম্মেলন অনুষ্ঠান করা।

২১. নার্সিং বিজ্ঞান এবং ইহার সহিত সম্পর্কিত অন্যান্য বিজ্ঞানের গবেষণাকে উৎসাহিত করিবার লক্ষ্যে এসোসিয়েশন কর্তৃক সময় সময় নির্ধারিত পদ্ধতিতে বৃত্তি, পুরস্কার বা অনুদান প্রদান করা।

২২. এসোসিয়েশনের সদস্যদের জন্য এসোসিয়েশনের কার্যালয়, পাঠকক্ষ, গ্রন্থাগার ও ক্লাবের রক্ষণাবেক্ষণ করা।

২৩. একই লক্ষ্য অর্জনে বিশ্বাসী অন্যান্য সংগঠন সমূহের সহিত সহযোগিতায় অথবা সাময়িকী, ম্যাগাজিন ও পুস্তিকা প্রকাশের মাধ্যমে বাংলাদেশের জনগণের মাঝে জনস্বাস্থ্য ও পয়ঃনিস্কাষন সংক্রান্ত ব্যাপারে শিক্ষামূলক প্রচার অভিযান চালানো।

২৪. মহামারী কিংবা অন্য কোন জরুরী অবস্থায় সংগঠনের সদস্যদের দ্বারা গঠিত স্বেচ্ছাসেবক বাহিনী সংগঠিত করা এবং স্পেশালাইজড নার্সিং টিম গঠন করা।

২৫. নার্সিং বিজ্ঞানের শিক্ষা ও নার্সিং পেশা সম্পর্কে বাংলাদেশে প্রচলিত আইন কানুন সমূহ পর্যালোচনা করা ও এ সম্পর্কে মত প্রকাশ করা এবং জনস্বাস্থ্য, নার্সিং পেশাও নার্সিং শাস্ত্র সম্পর্কিত আইন কানুনের প্রতি সজাগ দৃষ্টি রাখা এবং এ সম্পর্কে যে পদ্ধতি সবচেয়ে কার্যকর মনে হইবে সময় বিশেষে সেই পদ্ধতিতে পদক্ষেপ গ্রহন করা।

২৬. নার্সিং, স্বাস্থ্য ও এ সম্পর্কিত অন্যান্য ক্ষেত্রের উন্নয়নে সংগঠন কর্তৃক সময় সময় নির্ধারিত পদ্ধতিতে এসোসিয়েশনের তহবিল হইতে অর্থ প্রদান করা।

২৭. গঠনতন্ত্র মানিয়া সকল প্রকার কার্যক্রম পরিচালনা করতে হবে।

আমরা বিশ্বাস করি আপনাদের নেতৃত্বে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকায় বাংলাদেশ নার্সেস এসোসিয়েশনের কার্যক্রম বৃদ্ধি পাবে ও একই সাথে সাংগঠনিক গতিশীলতা বৃদ্ধি পাবে।

শুভেচ্ছান্তে,

07.12.2023

**খাঁন মোঃ গোলাম মোরশেদ**
সভাপতি
বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন
বাড়ী নং- ১২৮/ক, নিচতলা, রোড নং- ০৫,
পি.সি কালচার হাউজিং সোসাইটি,
শ্যামলি, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, বাংলাদেশ।
**মোবাইলঃ ০১৯৫৫-৬৮৮০৩৮**
E-mail: president@bna.com.bd
www.bna.com.bd